দৈনিক
ইত্তেফাক

তারিখ : 21 JUL 2016
পৃষ্ঠা : 6 কলাম : 2

# প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য মাঠ চাই

স্কুল, কলেজ, মাদ্রাসা— এসব শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে অবশ্যই থাকা উচিত খেলার মাঠ। ঢাকাসহ সারা দেশের বিভাগীয় শহর, জেলা, উপজেলা শহরে এবং গ্রামাঞ্চলের অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে রয়েছে খেলার মাঠ, পুকুর, বাগান, শহীদ মিনার ইত্যাদি। কিন্তু ঢাকার কোনো কোনো শিক্ষাপ্রতিষ্ঠান বিশেষ করে ক্যাডেট মাদ্রাসা, সাধারণ মাদ্রাসা এবং বিশেষ করে ঢাকার আবাসিক এলাকায় গড়ে ওঠা শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে নেই তিল পরিমাণ জায়গা। অথচ এসব শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষা কার্যক্রম চালানোর জন্য সংশ্লিষ্ট বিভাগ অনুমোদন দিয়েছে বলেও অভিযোগ রয়েছে। অথচ খেলার মাঠ বা অ্যাসেম্বলি মাঠ নেই বলে ঐসব শিক্ষাপ্রতিষ্ঠানের কার্যক্রম থাকা উচিত নয় বলে আমরা মনে করি। উল্লেখ্য, আমার স্কুলজীবন কেটেছে পিরোজপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয়ে— সেখানে ছিল বিশাল মাঠ, ফুল ও ফলের বাগান, পুকুর যা এখনও আছে। বিদ্যালয়ের সামনে মাঠ থাকবে আর সেখানে অবসরে ও ছুটির সময়ে ছাত্ররা খেলাধূলা করবে। পড়াশোনার পাশাপাশি খেলাধূলারও প্রয়োজন আছে। বিষয়টির প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি।

**লিয়াকত হোসেন খোকন,**
রূপনগর, ঢাকা